গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
(সাধারণ শাখা)
www.dinajpur.gov.bd

# এপ্রিল, ২০২৬ মাসে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ রফিকুল ইসলাম<br>জেলা প্রশাসক, দিনাজপুর |
| স্থান | : | সম্মেলন কক্ষ (কাঞ্চন-১), জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর |
| তারিখ | : | ১৯ এপ্রিল, ২০২৬ খ্রিঃ |
| সময় | : | সকাল ১০:০০ ঘটিকা |

(সভায় উপস্থিত সদস্য/অনুপস্থিত সদস্য ও উপস্থিত প্রতিনিধিগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য)

সভায় সম্মানিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর কমিটির সদস্য সচিব অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), দিনাজপুর গত ২৯ মার্চ, ২০২৬ তারিখ অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন/অগ্রগতি এবং স্ব স্ব বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে উপস্থাপন করার জন্য সদস্যগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর বিভিন্ন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন এবং বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr>
<td>১। জেলা পরিষদ, দিনাজপুর</td>
<td>প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, দিনাজপুর জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে এডিপি সাধারণ ৪৮৫.০০ লক্ষ (চার কোটি পঁচাশি লক্ষ) বরাদ্দ পাওয়া যায়। প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম চলমান কাজের অগ্রগতি ৭২%। এছাড়া এডিপি বিশেষ বরাদ্দ ৯০,০০,০০০/- লক্ষ টাকা এবং এডিপি সাধারণ ৭১,২৫,০০০/- টাকার প্রকল্পের অনুমোদন স্থানীয় সরকার বিভাগ হতে পাওয়া গেছে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম চলমান। ২০২৫-২৬ অর্থ বছরে এডিপি সাধারণ তহবিলের আওতায় ৫৭১.২৮ লক্ষ (পাঁচ কোটি একাত্তর লক্ষ আটাশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প গ্রহণ করে স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। এখনো অনুমোদন পাওয়া যায় নাই।<br>২। ক) দিনাজপুর জেলা পরিষদের মালিকানাধীন বোচাগঞ্জ উপজেলার (বীরগঞ্জ পীরগঞ্জ) বকুলতলা বাজার মহিমা "স" মিলের পাশে ঝড়ে উপড়ে পড়া ০২টি বট গাছের মূল্য নির্ধারণ প্রতিবেদন সামাজিক বন বিভাগ দিনাজপুর হতে পাওয়া মূল্য ৩,৪০০/- (তিন হাজার চারশত) টাকা।<br>খ) বিরল উপজেলার ঢেড়াপাটিয়া মোড় হতে পুর্ণিমা রাস্তার শহর গ্রাম মৌজার চিতুয়ার মাড় নামক স্থানে মো: সিরাজুল ইসলামের মুদিখান দোকান সংলগ্ন রাস্তার উত্তর পার্শ্বে বড় আকারের মৃত ০১টি শিমুল গাছের মূল্য নির্ধারণ প্রতিবেদন সামাজিক বন বিভাগ দিনাজপুর হতে পাওয়া গেছে মূল্য ১,১৮১/- (এক হাজার একশত একাশি) টাকা। অদ্যকার জেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রকল্পের বরাদ্দ</th><th>কাজের অগ্রগতি</th></tr>
<tr><td>১</td><td>জেলা পরিষদের নতুন অফিস ভবন নির্মাণ</td><td>১০,০১,৭৭,০০০/-</td><td>১০০%</td></tr>
<tr><td>২</td><td>দিনাজপুর শিশু পার্ক সংস্কার ও আধুনিকায়ন, সদর, দিনাজপুর</td><td>২,৫০,০০,০০০/-</td><td>১০০%</td></tr>
<tr><td>৩</td><td>আলোকদিডি দক্ষিণ এতিমখানা ভবন নির্মাণ, ১২ নং ইউপি, দিনাজপুর</td><td>৬৯,৪২,৯০৮/-</td><td>১০০%</td></tr>
<tr><td>৪</td><td>জেলা পরিষদের নতুন অফিস ভবনের ইন্টেরিওর ফার্নিচার এবং ফায়ার প্রটেকশন কাজ</td><td>৩,৩৮,৭৭,৫১৯/-</td><td>৯৫%</td></tr>
</table>
</td>
<td>১) চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে হবে।<br><br>২) চলমান প্রকল্পসমূহের কাজ গুনগতমান বজায় রেখে নির্ধারিত সময়ে সম্পন্ন করতে এবং প্রকল্পসমূহ সুপারভিশন বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩) উল্লিখিত গাছগুলো বিধি মোতাবেক বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর</td>
</tr>
</table>

চলমান পাতা-২

| বিভাগের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২। স্থানীয় সরকার বিভাগ | উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নির্দেশনা প্রদানসহ মনিটরিং করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। দিনাজপুর জেলার পৌরসভাগুলোতে জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার কম হওয়ায় জেলার সার্বিক জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার জাতীয় পর্যায়ে কমে যাচ্ছে মর্মে তিনি সভায় জানানো হয়। হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ অনুযায়ী ইজারা প্রদানের কার্যক্রম গ্রহণ ও সম্পাদন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১) চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে হবে।<br>২) জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নির্দেশনা প্রদানসহ মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১) উপপরিচালক স্থানীয় সরকার, দিনাজপুর<br>২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), দিনাজপুর।<br>৩। প্রশাসক, সকল পৌরসভা, দিনাজপুর |
| ৩। পুলিশ বিভাগ | পুলিশ সুপার, দিনাজপুর এর প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। জেলার আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। টান্সফরমার চুরি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১) জেলার আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) টান্সফরমার চুরি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ সুপার, দিনাজপুর |
| ৪। স্বাস্থ্য বিভাগ | সিভিল সার্জন, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। আগামী ২০/০৪/২০২৬ তারিখ হতে ১০/০৫/২০২৬ তারিখ পর্যন্ত ৬ মাস থেকে ৫৯ মাস পর্যন্ত সকল শিশুকে হামের টিকা প্রদান করা হবে মর্মে তিনি সভায় জানান। | ১) চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে হবে।<br>২) জেলার বেসরকারি ক্লিনিক ও ডায়গনোষ্টিক সেন্টার পরিস্কার পরিচ্ছন্ন রাখাসহ নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>৩) হামের টিকা প্রদানের বিষয়ে প্রচার-প্রচারণা অব্যাহত রাখাসহ ২০/০৪/২০২৬ তারিখ হতে ১০/০৫/২০২৬ তারিখ পর্যন্ত ৬ মাস থেকে ৫৯ মাস পর্যন্ত সকল শিশুকে হামের টিকা যথাযথভাবে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিভিল সার্জন, দিনাজপুর |
| ৫। দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতাল | পরিচালক, দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর এর প্রতিনিধি সভায় জানান তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। মার্চ, ২০২৬ মাসের দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতালের ইনডোরে-৭৩৪০ জন, আউটডোরে-২৭৯০১ জন এবং জরুরী বিভাগে-৭৭১৯ জন রোগীকে চিকিৎসাসেবা প্রদান, নরমাল ডেলিভারি-৯৫ জন, সিজারিয়ান ডেলিভারি-১২২ জন এবং মোট অপারেশন (মেজর-৪৫২ ও মাইনর-৩৮২) ৮৩৪ জনকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। অত্র হাসপাতালে মোট অনুমোদিত চিকিৎসক পদের সংখ্যা-২১৮ কিন্তু কর্মরত আছেন-১৪৪ জন। সন্দেহজনক হাম/মিসেলস এ ভর্তি রোগীর সংখ্যা-৭ জন (০৬/০৪/২০২৬ পর্যন্ত)। (ভর্তিকৃত ৭ জন রোগীর মধ্যে ১ জন পজিটিভ, বাকি ৬ জনের রির্পোট পেন্ডিং রয়েছে। আউটডোরে সেবাপ্রাপ্ত হাম/মিসেলস রোগীর সংখ্যা-১৪ জন। এ হাসপাতালে হাম/মিসেলস এ সেবাপ্রাপ্ত রোগী মারা যায়নি। দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতালে কর্মরত আনসার সদস্যরা যাতে যথাযথভাবে দায়িত্ব পালন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১) বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>২) দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতাল পরিস্কার পরিচ্ছন্ন রাখাসহ চিকিৎসা সেবা যথাযথভাবে প্রদান করতে হবে।<br>৩) দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতালে কর্মরত আনসার সদস্যরা যাতে যথাযথভাবে দায়িত্ব পালন করে সে বিষয়ে মনিটরিং বৃদ্ধি করতে হবে। | ১) পরিচালক, দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর<br>২) জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও ভিডিপি, দিনাজপুর |
| ৬। ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল | তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | ১) বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>২) ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল পরিস্কার পরিচ্ছন্ন রাখাসহ চিকিৎসা সেবা যথাযথভাবে প্রদান করতে হবে। | তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, দিনাজপুর |

<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr>
<td>৭। কৃষি বিভাগ</td>
<td>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে।
<table>
<tr><th>বিষয়</th><th>বিবরণ</th></tr>
<tr><td>আবাদ পরিস্থিতি</td><td>২০২৫-২০২৬ অর্থ বছরে রবি মৌসুমে বোরো আবাদ ও উৎপাদনের লক্ষ্যমাত্রা যথাক্রমে ১৭৪৭২২ হেক্টর ও ৮০২৫০১ মেটন। এ পর্যন্ত অর্জিত হয়েছে ১৭৪৭২৫ (১০০%) হেক্টর। আলু ৪৯৬৮৫ হেক্টর ভুট্টা ৭৫৬২৫ হেক্টর, শাকসবজি ১৫৫২৬, মধু ৪০৩৭ অর্জিত হয়েছে। চলতি রবি মৌসুমে দিনাজপুর জেলা হতে মালয়েশিয়া, নেপাল, ভুটান ও সিঙ্গাপুর ১০৮৩৩ মে.টন আলু রপ্তানি করা হয়েছে, যা চলমান রয়েছে। গত ০৭/০৪/২০২৬ তারিখে শিলাবৃষ্টিতে ফসলের ক্ষতি হয়েছে ১৫১৭.৫৫ হেক্টর। আর্থিক ক্ষতির পরিমান ৪৪১০.৮০৫লক্ষ টাকা ও ক্ষতিগ্রস্থ কৃষক সংখ্যা ১১৯৫৫জন কৃষক।</td></tr>
<tr><td>সারের পরিস্থিতি</td><td>এপ্রিল/২০২৬ মাসের বরাদ্দ ইউরিয়া ৪০৮৯ মেটন, টিএসপি ৭০৭ মেটন, এমওপি ১২৩১ মেটন ও ডিএপি ১৪৪৫ মেটন। মজুদ রয়েছে ইউরিয়া ৩৭৮০ মেটন, টিএসপি ৮৩৩ মেটন, এমওপি ২০৫৬ মেটন ও ডিএপি ১১২০ মেটন।</td></tr>
<tr><td>প্রণোদনা ও পুনর্বাসন কার্যক্রম</td><td>২০২৫-২০২৬ অর্থবছরে প্রণোদনা ও পুনর্বাসনের ১২টি কর্মসূচির আওতায় রবি মৌসুমে উপকারভোগী কৃষক ৫২,৫৫৫জন। খরিফ-১ মৌসুমের বরাদ্দ পাওয়া গেছে পাট ৮০০ বিঘা, আউশ ১২০০০ বিঘা, মুগ ৪০০ বিঘা। কার্যক্রম ধারাবাহিকভাবে বাস্তবায়ন করা হচ্ছে।</td></tr>
<tr><td>প্রকল্প কার্যক্রম</td><td>আধুনিক প্রযুক্তির সম্প্রসারণের মাধ্যমে কৃষি খাতে বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। প্রশিক্ষণের মাধ্যমে কৃষক ও সম্প্রসারণ কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি করা হচ্ছে। পাশাপাশি GAP (Good Agricultural Practices) অনুসারে নিরাপদ ফসল উৎপাদনের কার্যক্রম ধারাবাহিকভাবে চলমান রয়েছে। SACP- RAINS প্রকল্পের Home based Solar System স্থাপন হয়েছে ১০টি এবং বসতবাড়ির আঙিনায় উচ্চমূল্য ও পুষ্টি সমৃদ্ধ সবজি বাগান প্রদর্শনীর বরাদ্দ পাওয়া গেছে ৪৮৬০টি। প্রদর্শনীর উপকরন বিতরনের কার্যক্রম চলমান</td></tr>
<tr><td>বিশেষ উদ্যোগ</td><td>জেলায় ২৬টি সজিনা গ্রাম সৃজন, রাস্তার ধারে পতিত জায়গায় বিভিন্ন ফসলের আবাদ, বস্তায় আদা চাষ এবং মাটি পরীক্ষা করে ফসল আবাদ চলমান রয়েছে। উদ্বুদ্ধকরণে মাটির স্বাস্থ্য সুরক্ষায় ফসলে জৈব সারের ব্যবহারের গুরুত্ব এবং অতিরিক্ত রাসায়নিক সারের ব্যবহারের কুফল বিষয়ে সচেতনতা বৃদ্ধিকরন কর্মসূচী গ্রহন করা হয়েছে। এ জেলায় সরিষা ফসল থেকে ১.৯৯৪ মেঃটন ও লিচু ফল হতে ৬০.২৫২ মেঃটন সর্বমোট ৬২.২৪৬ মেঃ টন মধু সংগ্রহ করা হয়।</td></tr>
<tr><td>প্রশিক্ষণ</td><td>২০২৫-২০২৬ অর্থবছরে বিভিন্ন প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষণ ব্যাচ সংখ্যা ৬৪ টি, পুরুষ ১৯২০ জন এবং মহিলা ৫৭৬ জন। এছাড়াও পুষ্টি সচেতনতা বৃদ্ধির জন্য কৃষক মাঠ স্কুল ও উঠোন বৈঠক বাস্তবায়ন করা হচ্ছে।</td></tr>
<tr><td>ফল গাছ ব্যবস্থাপনা</td><td>দিনাজপুর জেলায় আম ৫৬৯২ হেক্টর, লিচু ৫৪৮৪ হেক্টর আবাদ হচ্ছে। ফলগাছে সার, পানি ও বালাই ব্যবস্থাপনা পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে।</td></tr>
</table>
গত ০৭/০৪/২০২৬ তারিখে শিলাবৃষ্টির কারণে ফুলবাড়ী উপজেলার ১ নং এলুয়ারি ইউনিয়নের বেশ কয়েকটি গ্রামের কৃষকের বোরো ধান ও ভুট্টাসহ বিভিন্ন ক্ষেতে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়।</td>
<td>১) বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br><br>২) কৃষক পর্যায়ে সারের সংকট যেন না হয় সে বিষয়ে যথাযথ তদারকি অব্যাহত রাখতে হবে।<br><br>৩) লিচু ও আম বাগান পরিচর্যা করার বিষয়ে লিচু ও আম চাষীদের পরামর্শ প্রদানসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>৪) ফুলবাড়ী উপজেলার ১ নং এলুয়ারি ইউনিয়নের শিলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত কৃষকদের বিশেষ প্রণোদনার মাধ্যমে পুনর্বাসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর</td>
</tr>
</table>

চলমান পাতা-৪

<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৮। জেলা প্রাণিসম্পদ বিভাগ</td><td>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিনাজপুর এর প্রতিনিধি সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। খামারিদের খামার নিয়মিত পরিদর্শন করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান বিষয়ে সভায় আলোচনা করা হয়। আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে জেলায় প্রয়োজনের অতিরিক্ত কোরবানি পশু উদ্বৃত্ত রয়েছে মর্মে তিনি সভায় জানান। এখন পর্যন্ত দিনাজপুর জেলায় গরুর খুরা রোগ ও লাম্পি স্কীন রোগ দেখা দেয়নি মর্মে তিনি সভায় জানান হয়। এছাড়া, পথ কুকুরের বিষয়ে প্রকল্প মাধ্যমে ভ্যাক্সিন প্রদান সংক্রান্ত কার্যক্রম চালু হবে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত কাহারোল উপজেলার সাহাপাড়া খালের দুই পাশের মানুষের কর্মসংস্থানের নিমিত্ত হাঁস চাষ ও ঘাসের চাষের সহযোগিতা প্রদানের বিষয়ে সভায় আলোচনা আলোচনা করা হয়।</td><td>১) চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে হবে।<br>২) খামারিদের খামার নিয়মিত পরিদর্শন করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।<br>৩) পথ কুকুরের বিষয়ে প্রকল্প মাধ্যমে ভ্যাক্সিন প্রদান সংক্রান্ত কার্যক্রম চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত কাহারোল উপজেলার সাহাপাড়া খালের দুই পাশের মানুষের কর্মসংস্থানের নিমিত্ত হাঁস চাষ ও ঘাস চাষে সহযোগিতা প্রদান করতে হবে।</td><td>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিনাজপুর।</td></tr>
<tr><td>৯। জেলা মৎস্য অফিস</td><td>জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য অফিস, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। ১৫/০৪/২০২৬ তারিখ হতে ১১/০৬/২০২৬ তারিখ পর্যন্ত সামুদ্রিক মাছ ধরা বন্ধ রয়েছে মর্মে তিনি সভায় জানান। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত কাহারোল উপজেলার সাহাপাড়া খালের দুই পাশের মানুষের কর্মসংস্থানের নিমিত্ত মৎস্য চাষের সহযোগিতা প্রদানের বিষয়ে সভায় আলোচনা আলোচনা করা হয়।</td><td>১) চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে হবে।<br>২) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত কাহারোল উপজেলার সাহাপাড়া খালের দুই পাশের মানুষের কর্মসংস্থানের নিমিত্ত মৎস্য চাষের সহযোগিতা প্রদান করতে হবে।</td><td>জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য অফিস, দিনাজপুর</td></tr>
<tr><td>১০। জেলা খাদ্য বিভাগ</td><td>জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। ওএমএস কার্যক্রম যথাযথভাবে পরিচালনার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>১) চলমান কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে।<br>২) ওএমএস কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে।</td><td>জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর</td></tr>
<tr><td>১১। জেলা পরিবার পরিকল্পনা অফিস</td><td>উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। মার্চ ২০২৬ মাসের তথ্যাদি নিম্নরূপ:
<table>
<tr><td>সক্ষম দম্পতি</td><td>৬,৮৭,০১৮</td></tr>
<tr><td>গ্রহণকারী</td><td>৫,৬৫,০৭০</td></tr>
<tr><td>সিএআর (পদ্ধতি গ্রহণকারীর হার)</td><td>৮২.২৫%</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি গ্রহণকারী (পুরুষ)</td><td>০২</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি গ্রহণকারী (মহিলা)</td><td>১৩৫</td></tr>
<tr><td>দীর্ঘ মেয়াদী পদ্ধতি গ্রহণকারী (আইইউডি)</td><td>৪২</td></tr>
<tr><td>দীর্ঘ মেয়াদী পদ্ধতি গ্রহণকারী (ইমপ্লান্ট)</td><td>০২</td></tr>
<tr><td>মোট গর্ভবতীর সংখ্যা</td><td>১৮,৬১৮</td></tr>
<tr><td>গর্ভকালীন সেবা (১ম – ৪র্থ পরিদর্শন)</td><td>৫,১৮৩</td></tr>
<tr><td>প্রসবোত্তর সেবা (১ম - ৪র্থ পরিদর্শন)</td><td>১,২৩৪</td></tr>
<tr><td>নবজাতক এর সেবা (১ম - ৪র্থ পরিদর্শন)</td><td>১,২৩০</td></tr>
<tr><td>স্যাটেলাইট ক্লিনিক অনুষ্ঠিত</td><td>২৪১</td></tr>
<tr><td>ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রসব সেবা</td><td>৯৭</td></tr>
</table>
প্রসব সেবার তথ্য:
<table>
<tr><th>স্বাভাবিক</th><th>সিজারিয়ান</th><th>মোট প্রসব</th><th>গর্ভকালীন সেবা(১ম-৪র্থ পরিদর্শন)</th><th>প্রসবোত্তর সেবা (১ম-৪র্থ পরিদর্শন)</th></tr>
<tr><td>৫৪</td><td>৪</td><td>৫৮</td><td>৫৩৩</td><td>১৫৫</td></tr>
</table></td><td>চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে হবে।</td><td>উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, দিনাজপুর</td></tr>
</table>

চলমান পাতা-৫

<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১২। গণপূর্ত বিভাগ</td><td>নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। "প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় দিনাজপুর জেলায় ১৪টি মডেল মসজিদ নির্মাণ কাজ গুনগতমান বজায় রেখে সুষ্ঠভাবে চলমান রয়েছে। গণপূর্ত বিভাগের অধীনে চলমান প্রকল্পসমূহ নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>প্রকল্প/কাজের নাম</th><th>সার্বিক অগ্রগতি</th></tr>
<tr><td>১</td><td>দিনাজপুর জেলা মডেল মসজিদ নির্মাণ কাজ</td><td>৯৫%</td></tr>
<tr><td>২</td><td>দিনাজপুর সদর উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ</td><td>৯৬%</td></tr>
<tr><td>৩</td><td>বিরল উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ</td><td>১০০%</td></tr>
<tr><td>৪</td><td>বোচাগঞ্জ উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ</td><td>৬৭%</td></tr>
<tr><td>৫</td><td>কাহারোল উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ</td><td>১০০%</td></tr>
<tr><td>৬</td><td>বীরগঞ্জ উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ</td><td>৯৭%</td></tr>
<tr><td>৭</td><td>খানসামা উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ</td><td>৯৭%</td></tr>
<tr><td>৮</td><td>চিরিরবন্দর উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ</td><td>৩৩%</td></tr>
<tr><td>৯</td><td>পার্বতীপুর উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ</td><td>১০০%</td></tr>
<tr><td>১০</td><td>ফুলবাড়ী উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ</td><td>৯৫%</td></tr>
<tr><td>১১</td><td>বিরামপুর উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ</td><td>১০০%</td></tr>
<tr><td>১২</td><td>নবাবগঞ্জ উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ</td><td>১০০%</td></tr>
<tr><td>১৩</td><td>ঘোড়াঘাট উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ</td><td>১০০%</td></tr>
<tr><td>১৪</td><td>হাকিমপুর উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ</td><td>১০০%</td></tr>
<tr><td>১৫</td><td>হিলি, বুড়িমাড়ী ও বাংলাবান্ধা এলসি ষ্টেশনের ভৌত অবকাঠামো নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলায় ৫-তলা ভিত বিশিষ্ট ৩-তলা স্টাফ কোয়ার্টার ভবন নির্মাণ</td><td>৯৪%</td></tr>
<tr><td>১৬</td><td>হিলি, বুড়িমাড়ী ও বাংলাবান্ধা এলসি ষ্টেশনের ভৌত অবকাঠামো অবদান নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলায় ৩-তলা ভিত বিশিষ্ট ৩-তলা ডরমেটরী ভবন নির্মাণ</td><td>৮৯%</td></tr>
<tr><td>১৭</td><td>হিলি, বুড়িমাড়ী ও বাংলাবান্ধা এলসি স্টেশনের ভৌত অবকাঠামো অবদান নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলায় ৫-তলা ভিত বিশিষ্ট ৫-তলা অফিস ভবন নির্মাণ</td><td>৯৭%</td></tr>
<tr><td>১৮</td><td>হিলি, বুড়িমাড়ী ও বাংলাবান্ধা এলসি ষ্টেশনের ভৌত অবকাঠামো নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলায় ১-তলা ভিত বিশিষ্ট ১-তলা সিপাহি ব্যারাক ভবন নির্মাণ</td><td>৯৭%</td></tr>
<tr><td>১৯</td><td>Contraction of Boundary wall to project Government Property: Sub-Head-Construction of Boundary wall at Research, Training & Seed Multiplication Centre, Sadarpur, Dinajpur under the Project of Development of Cotton Research and Technology Transfer).</td><td>৯৭%</td></tr>
<tr><td>২০</td><td>Construction of 01 (one) storied Building with 2-storied foundation of Armory Building for Ansar & VDP (40 Nos in 1 Phase)</td><td>৯৯%</td></tr>
</table>
যে সকল মডেল মসজিদের নির্মাণ কাজ শেষ হয়েছে সেকল মডেল মসজিদে মে মাসের প্রথম সপ্তাহে নামাজ পড়ার উপযোগী করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>১) চলমান প্রকল্পসমূহের কাজ গুণগতমান বজায় রেখে সুষ্ঠভাবে সম্পাদন করতে হবে।<br>২) গণপূর্ত বিভাগ, দিনাজপুরের আওতাধীন বিভিন্ন সরকারি স্থাপনা সমূহের মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ কাজ সমূহ গুণগতমান বজায় রেখে সুষ্ঠভাবে সম্পাদন করতে হবে।<br>৩) যে সকল মডেল মসজিদের নির্মাণ কাজ শেষ হয়েছে সেকল মডেল মসজিদে মে মাসের প্রথম সপ্তাহে নামাজ পড়ার উপযোগী করতে হবে।</td><td>১) নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, দিনাজপুর,<br>২) উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ/ফুলবাড়ী, দিনাজপুর</td></tr>
</table>

চলমান পাতা-৬

<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১৩। সড়ক ও জনপথ বিভাগ</td><td>নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, দিনাজপুর এর প্রতিনিধি সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। দিনাজপুর সড়ক বিভাগের অধীন হিলি (স্থলবন্দর) ফুলবাড়ি-ঘোড়াঘাট জাতীয় মহাসড়ক (এন-৫২১) যথাযথ মানে উন্নীতকরণসহ ৩টি গুরুত্বপূর্ণ সড়কের বিদ্যমান সরু/জরাজীর্ণ কালভার্টসমূহ পুনঃনির্মাণ এবং বাজার অংশে রিজিড পেভমেন্ট ও ড্রেন নির্মাণ (১ম সংশোধিত)। প্রকল্পের বরাদ্দ-১৫৮০০.০০ লক্ষ টাকা, কাজের অগ্রগতি ৩৮.০০%। ০১ জুলাই, ২০২২ হতে ৩০ জুন, ২০২৭ পর্যন্ত। রামসাগরের প্রবেশ পথের ২০-৩০ ফুট রাস্তা মেরামত বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>১) চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে হবে।<br>২) চলমান প্রকল্পসমূহ গুনগতমান বজায় রেখে যথাসময়ের সম্পন্ন করতে হবে।<br>৩) রামসাগরের প্রবেশ পথের ২০-৩০ ফুট রাস্তা মেরামত/সংস্কার করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, দিনাজপুর</td></tr>
<tr><td>১৪। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)</td><td>নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। চলমান প্রকল্পগুলো গুনগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিয়যে সভায় আলোচনা করা হয়। বাহাদুর বাজার সংলগ্ন রাস্তা নির্মাণ কাজ দ্রুত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>১) চলমান প্রকল্পগুলো গুনগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিয়যে সভায় আলোচনা করা হয়<br>২) বাহাদুর বাজার সংলগ্ন রাস্তা নির্মাণ কাজ দ্রুত করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর</td></tr>
<tr><td>১৫। পানি উন্নয়ন বোর্ড</td><td>নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। দিনাজপুর জেলার বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর কাজের সাথে দ্বৈত্যতা এড়ানোর জন্য বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত/পরিকল্পনাধীন উন্নয়নমুলক কাজ বাস্তবায়নের ক্ষেত্রে পানি উন্নয়ন বোর্ড হতে ছাড়পত্র গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া, দিনাজপুর জেলায় যেকোন দপ্তর কর্তৃক নদী/খাল প্রকল্প গ্রহণের ক্ষেত্রে দ্বৈত্যতা এড়ানোর জন্য জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটিতে আলোচনা করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোকপাত করা হয়।
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>প্রকল্প বরাদ্দ (লক্ষ টাকা)</th><th>প্রকল্প শুরুর তারিখ</th><th>প্রকল্প শেষের তারিখ</th></tr>
<tr><td>ক্লাইমেট-স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট (সিএসএডব্লিউএম) প্রকল্প (বাপাউবো অংশ)</td><td>প্রকল্পের অনুমোদন মোট ১১৮২৫৫.১৮ লক্ষ টাকা। তন্মধ্যে জিওবি ৩৩২৫৫.১৮ লক্ষ টাকা এবং প্রকল্প সাহয্য ৮৫০০০.০০ লক্ষ টাকা। দিনাজপুর অংশ: ৬৬৬০.০৯ লক্ষ টাকা (ছেষট্টি কোটি ষাট লক্ষ নয় হাজার) টাকা।</td><td>জানুয়ারি ২০২২</td><td>জুন ২০২৬</td></tr>
</table>
মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত কাহারোল উপজেলার সাহাপাড়া খালের খনন কার্যক্রম যথাসময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়</td><td>১) চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২) দিনাজপুর জেলায় যেকোন দপ্তর কর্তৃক নদী/খাল প্রকল্প গ্রহণের ক্ষেত্রে দ্বৈত্যতা এড়ানোর জন্য জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটিতে আলোচনা করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩) কাহারোল উপজেলার সাহাপাড়া খালের খনন কার্যক্রম যথাসময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, দিনাজপুর</td></tr>
<tr><td>১৬। বিআইডব্লিউটিএ</td><td>নির্বাহী প্রকৌশলী, বিআইডব্লিউটিএ, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে</td><td>নির্বাহী প্রকৌশলী, বিআইডব্লিউটিএ, দিনাজপুর</td></tr>
<tr><td>১৭। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর</td><td>নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প ১২৩৬টি পানি উৎসের কাজের অগ্রগতি ৯৫%।</td><td>চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর</td></tr>
</table>

চলমান পাতা-৭

<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১৮। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর</td><td>নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে।<br>
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>প্রকল্পের বরাদ্দ</th><th>কাজের অগ্রগতি</th></tr>
<tr><td>দিনাজপুর মেডিকেল কলেজ, দিনাজপুর ১১ (এগার) তলা বিশিষ্ট ছাত্রী হোস্টেল এবং বাউন্ডারী ওয়ালসহ নির্মাণ কাজ</td><td>৫৫,৪৮,৭৩,৯৯২.৯০০/-</td><td>৬.৫%</td></tr>
<tr><td>দিনাজপুর মেডিকেল কলেজ, দিনাজপুর ১১ (এগার) তলা বিশিষ্ট ছাত্র হোস্টেল এবং বাউন্ডারী ওয়ালসহ নির্মাণ কাজ</td><td>৫৫,৬১,০৫,৭০৩.৭০০/-</td><td>১১.৫%</td></tr>
</table></td><td>১) চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২) চলমান প্রকল্পসমূহ গুনগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর</td></tr>
<tr><td>১৯। বরেন্দ্র বহমুখী উন্নয়ন কর্তৃপক্ষ</td><td>নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, দিনাজপুর সভায় জানান বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। চলতি বোরো মৌসুমে সুষ্ঠুভাবে সেচ কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। বরেন্দ্র বহমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, দিনাজপুর কর্তৃক কাহারোল উপজেলার সাহাপাড়া খালের দুই পাশে ৭,৫০০ গাছ লাগানোর বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>১) চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২) চলতি বোরো মৌসুমে সুষ্ঠুভাবে সেচ কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩) বরেন্দ্র বহমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, দিনাজপুর কর্তৃক কাহারোল উপজেলার সাহাপাড়া খালের দুই পাশে ৭,৫০০ গাছ লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, দিনাজপুর</td></tr>
<tr><td>২০। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর</td><td>নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভবে চলছে। দিনাজপুর জিলা স্কুলের গেটের কাজ দ্রুত শুরু করার বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং দিনাজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের নির্মাণ কাজ গুনগতমান বজায় রেখে দ্রুত শেষ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>
<table>
<tr><th rowspan="2">গুরুত্বপূর্ণ প্রকল্প/কর্মসূচীর নাম</th><th rowspan="2">প্রাক্কলিত অর্থের পরিমাণ (লক্ষ টাকার)</th><th colspan="2">অগ্রগতি</th></tr>
<tr><th>ভৌত</th><th>আর্থিক (লক্ষ টাকায়)</th></tr>
<tr><td>"নির্বাচিত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়সমূর্হক প্রকল্প</td><td>১৬১১৪.৯২</td><td>৯৯%</td><td>১৬১৬০.৮০</td></tr>
<tr><td>"নির্বাচিত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়সমূহের উদ্ধমুখী সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প</td><td>৭৪১৩.১৩</td><td>১০০%</td><td>৭৪০৪.৬৪</td></tr>
<tr><td>"নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন" শীর্ষক প্রকল্প</td><td>১০০০৫.০০</td><td>৯৬%</td><td>৯৮৩৫.৮০</td></tr>
<tr><td>"তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানন্নোয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারী কলেজসমূহের উন্নয়ন" শীর্ষক প্রকল্প</td><td>৭৭৪.৬৩</td><td>১০০%</td><td>৬৭৭.৯৫</td></tr>
<tr><td>"সরকারী মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন" শীর্ষক প্রকল্প</td><td>৩৬৬৯.২৭</td><td>৬০%</td><td>২১৬৯.১৪৪</td></tr>
<tr><td>"১০০টি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (টিএসসি) স্থাপন (১ম সংশোধনী)" প্রকল্প।</td><td>২৭৮৫.৯৫</td><td>১০০%</td><td>২৭৮৫.৯৫</td></tr>
<tr><td>"সরকারী কলেজসমূহের বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প।</td><td>১৪২৯.৫২</td><td>১০০% ও ৬৫%</td><td>১০৬১.৭৭</td></tr>
<tr><td>"কারিগরী শিক্ষা অধিদপ্তরাধীন ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্প।</td><td>১৯০৮.২৪</td><td>১০০%</td><td>১৯০৮.২৪</td></tr>
</table>
এ জেলায় প্রকল্পভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান স্কুল কলেজ ও মাদ্রাসার একাডেমিক ভবন নির্মাণ, উর্ধ্বমুখী সম্প্রসারণ, মেরামত সংস্কার ও আসবাবপত্র সরবরাহ কাজের গুনগতমান সঠিক রেখে সুষ্ঠভাবে বাস্তবায়ন হচ্ছে। কাজের অগ্রগতি ৯৫%।</td><td>১) চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২) চলমান প্রকল্পসমূহ গুনগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>৩) দিনাজপুর জিলা স্কুলের গেটের কাজ দ্রুত শুরু করতে হবে এবং দিনাজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের নির্মাণ কাজ গুনগতমান বজায় রেখে দ্রুত শেষ করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর</td></tr>
</table>

চলমান পাতা-৮

<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>২১। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী</td><td>জেলা কমান্ড্যান্ট, জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, দিনাজপুর সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। গত ০৫/০৪/২০২৬ খ্রি: তারিখ হতে আগামী ২৫/০৫/২০২৬ খ্রিষ্টাব্দ পর্যন্ত আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী আঞ্চলিক কাউন্টার প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর এ ওয়েল্ডিং ও ফিট প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ) ৪০ জন প্রশিক্ষণার্থী, ০৫/০৪/২০২৬ হতে ১৩/০৫/২০২৬ খ্রিষ্টাব্দ পর্যন্ত রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ) ২৪ জন এবং অটোমোটিভ মেকানিক্স প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ) ২৫ জন সদস্যের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। জেলা প্রশাসনের তত্ত্বাবধানে মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগিতা কার্যক্রম চলমান রয়েছে। জেলার ১০৫টি পার্ক/সংস্থায় ৯১১ জন অঙ্গীভূত আনসার সদস্য সার্বক্ষণিক নিরাপত্তা প্রদানে কার্যকর ভূমিকা রাখছে।
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>প্রকল্পের বরাদ্দ</th><th>প্রকল্প শুরুর তারিখ</th><th>কাজের শেষের তারিখ</th><th>কাজের অগ্রগতি</th></tr>
<tr><td>জেলা আনসার ও ভিডিপি কার্যালয় ভবনের নির্মাণাধীন অবস্থায়</td><td>১,৩৩,১৮,৪৫৫.২৭৭</td><td>১৮/০১/২৩</td><td>৩০/০৬/২৫</td><td>২০%</td></tr>
</table></td><td>চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, দিনাজপুর</td></tr>
<tr><td>২২। বিদ্যুৎ বিক্রয় ও বিতরণ বিভাগ-১</td><td>নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১ নেসকো, দিনাজপুর সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। চলমান বোরো মৌসুমে নিরবচ্ছিন্ন সেচ প্রদানের নিমিত্ত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>১) চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২) চলমান বোরো মৌসুমে নিরবচ্ছিন্ন সেচ প্রদানের নিমিত্ত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১/২, নেসকো লিঃ, দিনাজপুর</td></tr>
<tr><td>২৩। বিদ্যুৎ বিক্রয় ও বিতরণ বিভাগ -২</td><td>নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-২ নেসকো, দিনাজপুর সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-২, নেসকো লিঃ, দিনাজপুর</td></tr>
<tr><td>২৪। পল্লী বিদ্যুৎ সমিতি-১</td><td>সিনিয়র জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-১ দিনাজপুর সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। চলমান বোরো মৌসুমে নিরবচ্ছিন্ন সেচ প্রদানের নিমিত্ত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>১) চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২) চলমান বোরো মৌসুমে নিরবচ্ছিন্ন সেচ প্রদানের নিমিত্ত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।</td><td>সিনিয়র জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-১/২ দিনাজপুর</td></tr>
<tr><td>২৫। পল্লী বিদ্যুৎ সমিতি- ২</td><td>জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-২, দিনাজপুর সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-২ দিনাজপুর</td></tr>
<tr><td>২৬। জেলা শিক্ষা অফিস</td><td>জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সকল শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিতভাবে মনিটরিং ও পরিদর্শন/দর্শন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>১) শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার গুনগত মান বজায় রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২) সকল শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিতভাবে মনিটরিং ও পরিদর্শন/দর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।</td></tr>
